দৈনিক বাংলা
তারিখ 29 JUL 1990
পৃষ্ঠা 7 কলাম 4

104

### গণিত পরীক্ষা বাতিল

# কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান অপসারিত

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার দু'টি বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ায় সরকার গভীরভাবে উদ্বিগ্ন। প্রশ্নপত্র ফাঁসের এই দুঃখজনক ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের লক্ষ্যে খুঁজে বের করার জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে। ঘটনার সাথে জড়িত সন্দেহে ইতোমধ্যে দুই ব্যক্তিকে গ্রেফতার

(৫-এর পৃঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান

(প্রথম পৃঃ পর)

করা হয়েছে।

প্রশাসনিক ব্যবস্থার প্রাথমিক পদক্ষেপ হিসাবে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে বোর্ড হতে প্রত্যাহার করা হয়েছে।

এছাড়া সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হয়েছে যে, কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার যথাক্রমে ২৬শে জুলাই এবং ২৮শে জুলাই তারিখের পূর্বাহ্নে অনুষ্ঠিত গণিত প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা অনিবার্যকারণবশতঃ বাতিল ঘোষণা করা হয়েছে। গণিত বিষয়ের ঐ পরীক্ষা যথাক্রমে আগামী ১১ই আগস্ট শনিবার প্রথম পত্র এবং ১২ই আগস্ট রোববার দ্বিতীয় পত্র (পূর্বাহ্নে সকাল ১০টা হতে বিকেল ১টা) অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীগণ স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে উক্ত বিষয়ের পরীক্ষায় অংশ গ্রহণ করবে। খবর তথ্য বিবরণীর।